

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়  
আগৈলঝাড়া, বরিশাল  
agailjhara@uhfpo.dghs.gov.bd

স্মারক নংঃ- উঃস্বাঃকমঃ/ আগৈলঝাড়া/২০২৩/ ৬-৭৫

তারিখঃ ৩০/০৮/২০২৩ইং

সভাপতি ঃ- জনাব মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, আগৈলঝাড়া, বরিশাল।

সভার স্থান ঃ- উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল মহোদয়ের সভা কক্ষ।

সভার তারিখ ঃ ৩০/০৮/২০২৩ইং

উক্ত সভায় উপস্থিত সম্মানিত উপজেলা স্টাডিং কমিটির সকল সম্মানিত সদস্যগণ এর হাজিরা সিট সংযুক্ত করা হলো ঃ-

কমিটির আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত ঃ-


অদ্য ৩০/০৮/২০২৩ইং তারিখ রোজ- মঙ্গলবার বৈকাল-৪.০০০ ঘটিকার সময় বরিশাল জেলার আগৈলঝাড়া, উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্টাডিং কমিটির সকল সম্মানিত সদস্যগণের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়। সভার আলোচ্য বিষয় পর্যালোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ-


\* সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা জনাব আব্দুর রইচ সেরনিয়াবাত, চেয়ারম্যান উপজেলা পরিষদ। আরো উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দ সহ উপজেলা স্টাডিং কমিটির সকল সম্মানিত সদস্যগণ।

\* সভায় জনাব ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রফিকুল ইসলাম সভাকে অবহিত করেন যে, হাসপাতাল এর চিকিৎসা ব্যবস্থা উন্নত হইতেছে এবং উহার সাথে সাথে চিকিৎসার মান উন্নত হইতেছে। চিকিৎসা সেবার বিভিন্ন পদক্ষেপ আরো জোরদার করার জন্য হাসপাতালের সকল স্থরের কর্মকর্তা ও কর্মচারীদের অনুরোধ করেন।

\* সভায় ভারপ্রাপ্ত কর্মকর্তা, আগৈলঝাড়া থানা হাসপাতালের চিকিৎসা সেবার মান বাড়ানোর জন্য সম্মানিত উপজেলা স্টাডিং কমিটির সকল সম্মানিত সদস্যগণকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এবং রোগে আক্রান্ত হওয়ার পূর্বেই প্রতিরোধের মালামাল মজুদ রাখার জন্য অনুরোধ করেন। উপজেলা স্টাডিং কমিটির আরো জোরদার সহযোগিতার কামনা করেন।

সভাপতি মহোদয় এ ব্যাপারে মিডিয়ায় সকল সদস্যদের সেবা মূলক দৃষ্টিভঙ্গীতে সজাগ থাকার জন্য অনুরোধ করেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ রফিকুল ইসলাম তালুকদার)  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ও  
সভাপতি  
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

  
(ডাঃ মোঃ/বখতিয়ার আল মামুন),  
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা  
ও  
সদস্য সচিব  
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়  
আগৈলঝাড়া, বরিশাল  
agailjhara@uhfpo.dghs.gov.bd

স্মারক নং:- উঃস্বাঃকমঃ/ আগৈলঝাড়া /২০২৩/ ৮৮৯

তারিখঃ ২৭/০৮/২০২৩ইং

বরাবর,

.....  
.....

আগৈলঝাড়া, বরিশাল।

সূধী,

আসছে আগামী ৩০/০৮/২০২৩ইং তারিখ রোজ বুধবার বৈকাল-৪.০০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল মহোদয়ের সভা কক্ষে উপজেলা স্টাডিং কমিটির সভা অনুষ্ঠিত হইবে। উক্ত উপজেলা স্টাডিং কমিটির সভায় সকল সম্মানিত সদস্যগণকে অংশ গ্রহন করার জন্য অনুরোধ করা হইল।

 ২৭.৮.২০২৩

(ডাঃ মোঃ বখতিয়ার আল মামুন )  
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা  
আগৈলঝাড়া, বরিশাল।